গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
পরিকল্পনা ও মূল্যায়ন
www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.৯৮ তারিখ: ১৩ আষাঢ় ১৪২৭
২৭ জুন ২০২০

বিষয়: **২০১৯-২০ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র আরএডিপিভূক্ত উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচিসমূহের মে/২০২০ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

১.	২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচিসমূহের মে/২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২৩/০৬/২০২০ তারিখে ব্রি'র ট্রেনিং কমপ্লেক্স কনফারেন্স রুমে স্বাস্থ্য বিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), সকল প্রকল্প/ কর্মসূচি পরিচালক ও আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, সংশ্লিষ্ট বিভাগীয় ও শাখা প্রধানগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আংশগ্রহণ করেন।
২.	উপস্থাপনঃ সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব মুঃ মুনিরুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।
৩.	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ গত ১২/০৫/২০২০ তারিখে Zoom পদ্ধতিতে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।
৪.	বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ
৪.১	২০১৯-২০ অর্থবছরে আরএডিপিতে অন্তর্ভূক্ত প্রত্যেকটি প্রকল্প এবং কর্মসূচির অগ্রগতি নির্দিষ্ট সময়ে শতভাগ অর্জনের জন্য সকল প্রকল্প/কর্মসূচির পরিচালকদের মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এ প্রসঙ্গে মহাপরিচালক মহোদয় প্রকল্পের অধীনে বৃহৎ নির্মাণ কাজসহ অন্যান্য নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপ-প্রকল্প পরিচালক, জনাব মোঃ জাহিদ হাসান, নির্বাহী প্রকৌশলী প্রধান কার্যালয়ের সেন্ট্রাল ল্যাব, কেন্দ্রীয় জামে মসজিদ, শ্রমিক কলোনী, ব্রি অডিটরিয়ামসহ অন্যান্য নির্মাণ কাজের অগ্রগতি সভাকে অবহিত করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় সকল নির্মাণ কাজের অগ্রগতি নির্ধারিত সময়ে মানসম্পন্নভাবে সমাপ্তীর লক্ষ্যে প্রকল্প পরিচালক, মনিটরিং কমিটি এবং আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে মনিটরিং কার্যক্রমে আরও তৎপর হয়ে নির্মাণ কাজ তদারকি করতে নির্দেশ প্রদান করেন। এছাড়া সভায় বরিশাল আঞ্চলিক কার্যালয় প্রধান চরবদনার দুই খামারের মধ্যবর্তী ব্রিজটি দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। এ প্রসংগে মহাপরিচালক মহোদয় বরিশালের ব্রিজ নির্মাণের কার্যাদেশ প্রদানসহ সকল নির্মাণ কাজ নিয়মমত মানসম্পন্নভাবে সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করেন। পাশাপাশি মহাপরিচালক মহোদয় সভায় চলমান কর্মসূচির অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে, কর্মসূচি পরিচালকগণ জুন ২০২০ সময়ের মধ্যে সকল কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন হবে বলে সভাকে জানান।

৪.২	প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্থানীয় ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, রাধুনী পাগল, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন স্থানীয় জাতের গবেষণা অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। পাশাপাশি সভায় গভীর পানিতে চাষাবাদ উপযোগী ধানের গবেষণা কাজের অগ্রগতি নিয়ে ড. এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, সভাকে জানান যে, স্থানীয় জাত গুলির সাথে ক্রসিং এর মাধ্যমে Rapid Elongating উন্নত জলি আমনের জাত উদ্ভাবনের কার্যক্রম চলমান আছে যা ১-৩ মিঃ গভীর পানিতে চাষ করা যাবে। তিনি আরও বলেন যে, Semi-Deep এলাকার উপযোগী ব্রি ধান ৯১ এর কৃষকের মাঠে স্থাপিত ট্রায়ালের ফলাফলের ভিত্তিতে জাতটির গ্রহণযোগ্যতা প্রমাণিত হয়েছে। এ জাতটির বীজ কৃষকদের নিকট হতে সংগ্রহ করে বিভিন্ন স্থানে প্রদর্শনী করা হচ্ছে। তিনি বলেন যে, জাতটির ব্রিডার বীজ সংরক্ষণ ও উৎপাদনের কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়া Semi-Deep ও Medium, Stagnant এলাকার উপযোগী RYT-2 এর ফলাফলের ভিত্তিতে ২টি জাত/লাইন চূড়ান্তকরণের জন্য ব্যবস্থা নেয়া হবে। এই লাইন ২টি ব্রি ধান৯১ এর চেয়ে বেশী ফলন দেবে এবং Medium Stagnant এলাকার চাষ করা যাবে। এছাড়া নওগাঁ অঞ্চলের জিরা ও কুষ্টিয়ার মিনিকেট ধান সংগ্রহ করে পিওর লাইন নির্বাচনের বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয় যা গবেষণা সংক্রান্ত পরবর্তী সভায় আরও বিস্তারিত আলোচনা করা হবে মর্মে মহাপরিচালক মহোদয় উল্লেখ করেন।
৪.৩	প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি (এফএমপিএইচটি) বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি নিয়ে সভায় আলোচনা করা হয়। এ প্রসংগে মহাপরিচালক মহোদয় মেকানাইজেশন প্রকল্পের মাধ্যমে এফএমপিএইচটি এবং ওয়ার্কশপ এন্ড মেশিনারি মেইন্টেনেন্স বিভাগের সকল বিজ্ঞানী, কর্মকর্তাদের অংশগ্রহণে তাদের নিজস্ব ল্যাবরেটরি/ওয়ার্কশপ উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করতে আবারও নির্দেশনা প্রদান করেন।
৪.৪	আঞ্চলিক কার্যালয়সমূহকে সর্বোচ্চ গুরুত্ব সহকারে নতুন নতুন জাতসমূহের বীজ সংগ্রহ করে তা আগামী বছরের জন্য সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে আঞ্চলিক কার্যালয়সমূহে সংরক্ষণের স্থান সংকুলান না হলে প্রধান কার্যালয় এবং বিএডিসি'র বীজ সংরক্ষণাগারে রাখার প্রসঙ্গে পরিচালক (গবেষণা) বিএডিসির বীজ সংরক্ষণাগারে বীজ রাখার সুযোগ নাই বলে সভাকে জানান।
৪.৫	পাহাড়ী এলাকার জুম চাষের জন্য উপযোগী/সম্ভাবনাময় স্থানীয় ধানের জাত সংগ্রহ অব্যাহত রাখতে ও তা থেকে পিওর লাইন নির্বাচন করে বীজ বর্ধনের মাধ্যমে পাহাড়ী এলাকার উৎপাদন বাড়াতে এবং নতুন জাত উদ্ভাবন করতে নির্দেশ প্রদান করেন। পাশাপাশি কসিহিকারি, হুকোরিকু এবং তাকানারি নামক জাপানী জাতের বীজ বর্ধনের কাজ ধান ভিত্তিক খামার বিন্যাস বিভাগ পরিচালনা করবে এবং এ সকল জাতের সম্ভাবনা যাচাই করতে সভায় পরামর্শ প্রদান করা হয়।
৪.৬	এছাড়া পাহাড়ী এলাকার চলমান কর্মসূচির পাশাপাশি কৃষি অর্থনীতি, আরএফএস এবং ফলিত গবেষণা বিভাগের সমন্বয়ে একটি প্রকল্প/ কর্মসূচি প্রস্তাব প্রস্তুত করে কেজিএফ অথবা জিওবি অর্থায়নের জন্য দাখিল করতে মহাপরিচালক মহোদয় পরামর্শ প্রদান করেন। পাশাপাশি পাহাড়ী এলাকায় উৎপাদনশীলতা বাড়ানোর মাধ্যমে সারা বছর যেন তাদের খাবারের নিশ্চয়তা হয় সে পরিকল্পনাও হাতে নিতে পরামর্শ প্রদান করা হয়।
৪.৭	সকল বিভাগ, শাখা, আঞ্চলিক কার্যালয় এবং প্রকল্প ও কর্মসূচিসমূহকে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নির্দেশিকা মোতাবেক ১৮/০৫/২০২০ তারিখের মধ্যে প্রস্তুতপূর্বক অদ্যকার সভায় মাঠ পর্যায়ের চুক্তি স্বাক্ষর সম্পন্ন হবে মর্মে প্রধান পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান।

৫. ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী মে/২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

(ক) এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০১৯-২০ অর্থ বছরের আরএডিপি'তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট আরএডিপি বরাদ্দ ৫২০০.০০ লক্ষ টাকা। প্রকল্পটি ০২টি জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। মে/২০২০ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৩৭৯.৩৩ লক্ষ টাকা; যা বরাদ্দের ৬৪.৯৮% মাত্র। গত অর্থবছরে আরএডিপি বরাদ্দ ছিল ৭০০০.০০ লক্ষ টাকা। মে/১৯ পর্যন্ত ব্যয় হয়েছিল ৯৩.৪৪% (৬৫৪১.০১ লক্ষ টাকা)। ২০১৯-২০ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ১৭টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মে/ ২০২০ পর্যন্ত সবগুলো দরপত্রের আহবান ও কার্যাদেশ প্রদান সম্পন্ন হয়েছে।

(খ) ২০১৯-২০ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
১.উন্নয়ন প্রকল্প				
১.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত)	১৩টি	১৯৯৩.৭৮	১৩টি	১৩টি
১.২ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতিগবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৪টি	১৪৫.১০	৪টি	৪টি
উপমোট (প্রকল্প)	**১৭টি**	**২১৩৮.৮৮**	**১৭টি**	**১৭টি**
২.উন্নয়ন কর্মসূচি				
২.১ ধানের ফলন বৃদ্ধিতে পোকামাকড়ের পরিবেশ বান্ধব গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি	২টি	৬২.৩৫	২টি	২টি
২.২ ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের উন্নয়ন এবং গবেষণা শক্তিশালীকরণ কর্মসূচি	৩টি	১০৫.১০	৩টি	৩টি
২.৩ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট-এ একটি রাইস মিউজিয়াম স্থাপন	১টি	৫০.০০	১টি	১টি
২.৪ নতুন প্রজন্মের ধান (সি ফোর-রাইস) গবেষণা শক্তিশালীকরণ কর্মসূচি	২টি	৪২০.০০	২টি	২টি
২.৫ বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণাগারকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য এ্যাক্রিডিটেড গবেষণাগারে উন্নীতকরণ	১টি	১১৯.০০	১টি	১টি
২.৬ পরিবর্তিত জলবায়ুতে ধানের প্রধান রোগবালাই (ব্লাস্ট, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া এবং টুংরো) দমন গবেষণা কার্যাক্রম জোরদারকরণ স্কিম (কর্মসূচি)	২টি	১১০.০০	২টি	২টি
উপমোট (কর্মসূচি)	**১১টি**	**৮৬৬.৪৫**	**১১টি**	**১১টি**
সর্বমোট (১+২)	**২৮টি**	**৩০০৫.৩৩**	**২৮টি**	**২৮টি**

(গ) ২০১৯-২০ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) মে/২০২০ পর্যন্ত)	মে/২০২০ পর্যন্ত অগ্রগতি	গত বছরের মে/১৯ পর্যন্ত সময়ে অগ্রগতি	মে/২০২ পর্যন্ত বাস্তব অগ্র
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
১.১বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত)	৫০০০.০০ (৫০০০.০০) (-)	৩৩৫২.০০ (৬৭.০৪) ৩৩৫২.০০ (৬৭.০৪)	৩৩৪২.২৩ (৬৬.৮৪) ৩৩৪২.২৩ (৬৬.৮৪) -	৬৫৪১.০১ (৯৩.৪৪) ৬৫৪১.০১ (৯৩.৪৪) -	৯৯.০
১.২ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতিগবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	২০০.০০ (২০০.০০) (-)	৯৯.৯৫ (৪৯.৯৮) ৯৯.৯৫ (৪৯.৯৮) -	৩৭.১০ (১৮.৫০) ৩৭.১০ (১৮.৫০) -	-	৬০.০
উপমোট = ২টি প্রকল্প	**৫২০০.০০ (৫২০০.০০) (-)**	**৩৪৫১.৯৫ (৬৬.৩৮) ৩৪৫১.৯৫(৬৬.৩৮)**	**৩৩৭৯.৩৩ (৬৪.৯৮) ৩৩৭৯.৩৩ (৬৪.৯৮)**	**৬৫৪১.০১ (৯৩.৪৪) ৬৫৪১.০১ (৯৩.৪৪)**	
২. উন্নয়ন কর্মসূচি					
২.১ পাহাড়ী অঞ্চলে নেরিকাসহ অন্যান্য উন্নত ধানের জাতের গ্রহণযোগ্যতা ও লাভজনকতা নির্ধারণ কর্মসূচি (মোট বরাদ্দ- ১৫৪.০০ লক্ষ টাকা)	৬৪.০০ (৬৪.০০) (-)	৪৮.০০ (৭৫.০০) ৪৮.০০ (৭৫.০০) -	৪৮.০০ (৭৫.০০) ৪৮.০০ (৭৫.০০) -	৫০.৭৫ (৮৩.২০) ৫০.৭৫ (৮৩.২০) -	৮০.০
২.২ মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকেল্পর চলমান গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি (মোট বরাদ্দ- ১১০.০০ লক্ষ টাকা)	৩৮.০০ (৩৮.০০) (-)	১৯.০০ (৫০.০০) ১৯.০০ (৫০.০০) -	১৯.০০ (৫০.০০) ১৯.০০ (৫০.০০) -	৩৫.০০ (৯২.১১) ৩৫.০০ (৯২.১১) -	৭০.০
২.৩ ধানের ফলন বৃদ্ধিতে পোকামাকড়ের পরিবেশ বান্ধব গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি (মোট বরাদ্দ- ৫৮০.২৫ লক্ষ টাকা)	৯৬.৬০ (৯৬.৬০) (-)	৭২.৪৫ (৭৫.০০) ৭২.৪৫ (৭৫.০০) -	৬৮.১৮ (৭০.৫৮) ৬৮.১৮ (৭০.৫৮) -	৩৪৯.০৫ (৯৯.৩২) ৩৪৯.০৫ (৯৯.৩২) -	৯০.০
২.৪ ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের উন্নয়ন এবং গবেষণা শক্তিশালীকরণ কর্মসূচি (মোট বরাদ্দ- ৩৮৬.৭০ লক্ষ টাকা)	১১৯.৩০ (১১৯.৩০) (-)	৫৯.৬৫ (৫০.০০) ৫৯.৬৫ (৫০.০০) -	১১.০৩ (৯.২৪) ১১.০৩ (৯.২৪) -	৯৮.৫৫ (৭৫.১৬) ৯৮.৫৫ (৭৫.১৬) -	৭০.০

২.৫ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট-এ একটি রাইস মিউজিয়াম স্থাপন (মোট বরাদ্দ- ১০০.০০ লক্ষ টাকা)	৫০.০০ (৫০.০০)	২৫.০০ (৫০.০০) ২৫.০০ (৫০.০০) -	২৫.০০ (৫০.০০) ২৫.০০ (৫০.০০) -	-	৫০.০
২.৬ নতুন প্রজন্মের ধানের (সি ফোর-রাইস) গবেষণা শক্তিশালীকরণ কর্মসূচি (মোট বরাদ্দ- ৫০৩.০০ লক্ষ টাকা)	৪৩৩.০০ (৪৩৩.০০)	৩২৪.৭৫ (৭৫.০০) ৩২৪.৭৫ (৭৫.০০) -	৭.৩০ (১.৬৯) ৭.৩০ (১.৬৯) -	-	৬০.০
২.৭ বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণা ইনস্টিটিউট এর কেন্দ্রীয় গবেষণাগারকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য এ্যাক্রিডিটেড গবেষণাগারে উন্নীতকরণ (মোট বরাদ্দ- ৯০৬.০০লক্ষ টাকা)	১২৬.৯০ (১২৬.৯০)	-	-	-	৬০.০
২.৮ পরিবর্তিত জলবায়ুতে ধানের প্রধান রোগবালাই (ব্লাস্ট, ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া এবং টুংরো) দমন গবেষণা কার্যাক্রম জোরদারকরণ (মোট বরাদ্দ- ৫৮৪.৫০ লক্ষ টাকা)	১১৫.০০ (১১৫.০০)	-	-	-	৬০.০
উপমোট = ৮টি কর্মসূচি (মোট বরাদ্দ- ৩৩২৪.৪৫ লক্ষ টাকা)	১০৪২.৮০ (১০৪২.৮০) (-)	৫৪৮.৮৫ (৫২.৬৩) ৫৪৮.৮৫ (৫২.৬৩) -	১৭৮.৫১ (১৭.১২) ১৭৮.৫১ (১৭.১২) -	৫৩৩.৩৫ (৯১.৯৮) ৫৩৩.৩৫ (৯১.৯৮) -	
৩. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১০৪৬৫.৭৬ ১০৪৬৫.৭৬ (-)	১০৪৬৫.৭৬ (১০০.০০) ১০৪৬৫.৭৬ (১০০.০০) -	৯৩২০.১৫ (৮৯.০৬) ৯৩২০.১৫ (৮৯.০৬) -	৮৯১৩.৭৯ (৮২.৩৪) ৮৯১৩.৭৯ (৮২.৩৪) -	৯০.০
উপমোট	১০৪৬৫.৭৬ ১০৪৬৫.৭৬ (-)	**১০৪৬৫.৭৬ (১০০.০০)** **১০৪৬৫.৭৬ (১০০.০০)**	**৯৩২০.১৫ (৮৯.০৬)** **৯৩২০.১৫ (৮৯.০৬)** -	**৮৯১৩.৭৯ (৮২.৩৪)** **৮৯১৩.৭৯ (৮২.৩৪)** -	
সর্বমোট (১+২+৩)	**১৬৭০৮.৫৬** **১৬৭০৮.৫৬**	**১৪৪৬৬.৫৬ (৮৬.৫৮)** **১৪৪৬৬.৫৬ (৮৬.৫৮)**	**১২৮৭৭.৯৯ (৭৭.০৭)** **১২৮৭৭.৯৯ (৭৭.০৭)**	**১৫৯৮৮.১৫ (৮৬.৮৭)** **১৫৯৮৮.১৫ (৮৬.৮৭)**	

(ঘ) বিবিধঃ

১. নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:

প্রকল্পের নাম: Transforming Rice Breeding Through Capacity Enhancement of BRRI (TRB-BRRI) প্রকল্পের মেয়াদ কাল: ১ ডিসেম্বর ২০১৯ থেকে ৩০ নভেম্বর ২০২৩ (৪ বছর), প্রকল্পের মোট বরাদ্দ: ৩৩৬৪.০০ লক্ষ টাকা (তেত্রিশ কোটি চৌষট্রি লক্ষ টাকা মাত্র), ২০১৯-২০ অর্থবছরের বরাদ্দ ৩৪৪.০১ লক্ষ টাকা, ২০১৯-২০ অর্থবছরের মে/২০২০ পর্যন্ত ব্যয় ৩২৬.১০ লক্ষ টাকা (৯৪.৭৯%), প্রকল্পের শুরু থেকে মে/২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৩২৬.১০ লক্ষ টাকা (৯.৬৯%)।

৬. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
১.	১.১. ২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্প /কর্মসূচির আর্থিক ও বাস্তব অগ্রগতি শতভাগ সম্পন্ন করতে হবে।	সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ/নির্বাহী প্রকৌশলী
	১.২ স্পাইরা প্রকল্পের অধীনে প্রধান কার্যালয়ের ব্রি কেন্দ্রীয় জামে মসজিদ, ব্রি অডিটরিয়াম, সেন্ট্রাল ল্যাব, শ্রমিক কলোনীসহ আঞ্চলিক কার্যালয়সমূহের সিঙ্গেল একোমোডেশন অফিস কাম ল্যাবরেটরি ভবন, বাউন্ডারী ওয়াল, মাটি ভরাটসহ অন্যান্য নির্মাণ কাজ ঠিকাদারের সাথে যোগাযোগ রেখে নির্ধারিত সময়ে মানসম্পন্নভাবে সম্পন্ন করতে হবে এবং মনিটরিং কার্যক্রম আরও জোরদার করতে হবে।	প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এবং মনিটরিং কমিটি
	১.৩ সকল প্রকল্প/কর্মসূচির ২০২০-২১ অর্থবছরের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা এবং সংগ্রহ পরিকল্পনা আগামী ৩০ শে জুন ২০২০ এর মধ্যে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন নিতে হবে।	সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ
	১.৪ স্পাইরা প্রকল্পের অর্থায়নে ২০২০-২১ অর্থবছরের জন্য সংশ্লিষ্ট বিভাগ/ আঞ্চলিক কার্যালয়সমূহ কতৃক মাঠ প্রদর্শনী, কৃষক প্রশিক্ষণ, নতুন জাতের পিভিটি/ট্রায়ালসহ অন্যান্য কার্যক্রম ২০১৯-২০ অর্থবছরের ন্যায় পরিচালিত হবে। এছাড়া ২০১৯-২০ অর্থবছরে গৃহীত সকল অগ্রিম যথানিয়মে ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগ/ আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
	১.৫ ব্রি'র অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পিআইসি সভা অতিদ্রুত আয়োজন করতে হবে।	পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ
২.	২.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের স্থানীয় জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, রাধুনী পাগল, বিরই, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন জাতের মধ্য থেকে সম্ভাবনাময় জাত পেলে পিওর লাইন নির্বাচনের মাধ্যমে অথবা স্থানীয় জাতগুলো ক্রসিং করে আরও উন্নতমানের ধানের জাত উদ্ভাবন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ এবং কৌলি সম্পদ ও বীজ বিভাগ
	২.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ, সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, ফুলকুড়ি, ফরিদপুরের খইয়া মটর এবং সিরাজগঞ্জের সড়সড়িয়া অন্যান্য সংগ্রহোত্তর স্থানীয় জাতসমূহ থেকে পিওর লাইন নির্বাচন করে নতুন নতুন জাত উদ্ভাবন ও তা সংরক্ষণের পাশাপাশি এসব জাতসমূহের আলোক সংবেদনশীলতা পরীক্ষা করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, ড. এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ, বিভাগীয় প্রধান, কৌলি সম্পদ ও বীজ বিভাগ এবং উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ
	২.৩ কুষ্টিয়া অঞ্চল থেকে মিনিকেট এবং নওগাঁ অঞ্চল থেকে জিরা ধান সংগ্রহ করে পিওর লাইন নির্বাচনের মাধ্যমে নতুন জাত উদ্ভাবন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ
৩.	৩.১ প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ
	৩.২ মেকানাইজেশন প্রকল্পের মাধ্যমে এফএমপিএইচটি এবং ওয়ার্কশপ এন্ড মেশিনারি মেইন্টেনেন্স বিভাগের সকল বিজ্ঞানী, কর্মকর্তাদের involve করে তাদের নিজ নিজ ল্যাবরেটরি/ ওয়ার্কশপ উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, এফএমপিএইচটি এবং ওয়ার্কশপ এন্ড মেশিনারি মেইন্টেনেন্স বিভাগ

৪.	৪.১ বীজ বর্ধনের মাধ্যমে পাহাড়ী এলাকার উৎপাদন বাড়াতে এবং পাহাড়ী এলাকার জুম চাষের জন্য উপযোগী/সম্ভাবনাময় স্থানীয় ধানের জাত সংগ্রহ অব্যাহত রাখতে ও তা থেকে পিওর লাইন নির্বাচন করে নতুন জাত উদ্ভাবন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, কৌলি সম্পদ ও বীজ বিভাগ এবং উদ্ভিদ প্রজনন বিভাগ
	৪.২ কসিহিকারি, তাকানারি ও হুকোরিকু জাতের বীজ বর্ধন কাজ ধান ভিত্তিক খামার বিন্যাস বিভাগ পরিচালনা করবে এবং এ সকল জাতের সম্ভাবনা যাচাই করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, ধান ভিত্তিক খামার বিন্যাস বিভাগ, কৌলি সম্পদ ও বীজ বিভাগ, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ এবং উদ্ভিদ প্রজনন বিভাগ
৫.	বিভিন্ন প্রকল্প/কর্মসূচি এবং জিওবি অর্থায়নে দেশের বিভিন্ন অঞ্চলে, বিভিন্ন মওসুমে কৃষকের মাঠে স্থাপিত প্রদশর্নীর প্রভাব মূল্যায়ন করতঃ প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	পরিচালক (গবেষণা) এবং সংশ্লিষ্ট বিভাগ/ আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
৬.	সকল বিভাগ, শাখা, আঞ্চলিক কার্যালয় এবং প্রকল্প ও কর্মসূচিসমূহকে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪র্থ ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন প্রমাণকসহ আগামী ৩০/০৬/২০২০ তারিখের মধ্যে এবং বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন আগামী ০৭/০৭/২০২০ তারিখের মধ্যে পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করতে হবে।	চুক্তি স্বাক্ষরকারী সকল বিভাগ, শাখা, আঞ্চলিক কার্যালয় প্রধান এবং প্রকল্প ও কর্মসূচি পরিচালকগণ
৭.	২০২৯-২০ অর্থবছরে সমাপ্ত কর্মসূচিসমূহের পিসিআর ৩১ জুলাই ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-৬-২০২০
ড. মো: শাহজাহান কবীর
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০
ফ্যাক্স: ৪৯২৭২০০০
ইমেইল: dg@brri.gov.bd

সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়/শাখা প্রধানগণ,
প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ,
ব্রি।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.৯৮/১(৫)

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৭
২৭ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (গবেষণা), গবেষণা উইং, ব্রি।
২) পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), প্রশাসন উইং, ব্রি।
৩) উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর), গবেষণা উইং, ব্রি।
৪) সিস্টেম এনালিস্ট, ব্রি (ওয়েব সাইটে প্রদানের জন্য)।
৫) মহাপরিচালকের একান্ত সচিব, ব্রি।

২৭-৬-২০২০
মুঃ মুনিরুল ইসলাম
প্রিন্সিপাল প্লানিং অফিসার